بسم الله الرحمن الرحيم

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail :bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

# Press Release

**14 December, 2010**

## Bangladesh to continue its constructive and lead role in climate discourse; Ambassador Akramul Qader

"Bangladesh under the dynamic leadership of Prime Minister Hon'ble Sheikh Hasina has been playing a constructive and leading role in global climate negotiations particularly among the LDCs, and would continue its efforts in future ". This was said by H.E. Mr. Akramul Qader, Bangladesh Ambassador to USA and State Minister at a high-profile seminar held at the Embassy on 14 December, 2010. In his welcome speech, Bangladesh Ambassador highlighted on the vulnerability of Bangladesh and informed the house about the on-going steps being taken by the present Government to address the challenge. While mentioning that the climate change is a global problem, Ambassador Qader laid stress on the need to build up a global partnership in this regard. The seminar entitled "Save our Planet Earth from Global Warming and Climate Change; Focus Bangladesh" was attended by a large number of participants including US officials, diplomats, representatives from the think-tanks, NGOs, media and University students.

Panelists included Mr. Greg Vitali, Hon. State Representative (166th Legislative District), Pennsylvania, Mr. Lance Simmens, Special Assistant to the Governor, Intergovernmental Affairs, Pennsylvania and Climate Messenger of former Vice-President Al Gore, Mr. Jonathan Porter, Policy Director to Congressman Joseph Sestak (D–PA), Mr. Jim Dougherty, Executive Committee Secretary, Washington DC Chapter of the Sierra Club, Mr. Abu Rahman and Mr. Azim. Mr. Robert Shapiro, Chairman, Sonecon, LLC and former Under Secretary of Commerce also spoke on the occasion.

Mr. Lance Simmens made a power-point presentation highlighting the gravity of the issue and forecasting possible impact on the countries-developed and developing. The panelists shared their perspectives which also helped the audience to get a sense about the on-going crisis. Increasing efficiency in using energy in India and Bangladesh, the identification of climate change by the US Department of Defense as one of the pressing future threats, among others, came up during the deliberations. Mr. Porter appreciated the proactive role of the Hon'ble Prime Minister of Bangladesh during the Copenhagen Summit. The presentation was followed by a lively Questions and Answers session.

Since the event coincided with the **Martyred Intellectuals Day** of Bangladesh, the Ambassador in his speech paid glowing tribute to the frontline Bengali intellectuals and professionals who were killed on this day. The audience stood up with solemn silence for one minute to respect the martyrs. Mr. Qader also condoled the death of Ambassador Richard Holbrook- US Special Envoy and lauded his role to bring peace to many war-torn areas.

Many of the speakers were of the view that Bangladesh is at the front line of climate change, and thanked Bangladesh Embassy for hosting such an event "at an appropriate venue". This seminar is a part of ongoing effort of the Embassy to partner with variety of social organizations and think tanks in the United States to generate interest about Bangladesh and the issues, which affect Bangladesh and other developing countries. The concern of the affected countries found fresh attention in the presentations where all panelists felt that there is a strategic opportunity for governments and peoples across the globe to come together and forge a new global agreement on climate change. The event was followed by a lunch featuring Bangladeshi traditional delicacies.

Swapan Kumar Saha, Minister (Press), Embassy of Bangladesh, Washington DC, Phone: 202-244-5071, Fax: 202-244-2771\7830, e-mail-pressministerwash@yahoo.com

بسم الله الرحمن الرحيم


Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail :bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org

EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008


## প্রেস বিজ্ঞপ্তি

**ডিসেম্বর ১৪, ২০১০**

### জলবায়ু বিষয়ে বাংলাদেশ তার গঠনমূলক ও নেতৃস্থানীয় ভূমিকা অব্যাহত রাখবে-রাষ্ট্রদূত আকরামুল কাদের

"মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সক্রিয় নেতৃত্বে বাংলাদেশ বৈশ্বিক জলবায়ু কূটনীতি, বিশেষ করে স্বল্পোন্নত দেশসমূহের মধ্যে গঠনমূলক ও নেতৃস্থানীয় ভূমিকা পালন করছে এবং ভবিষ্যতেও তা অব্যাহত রাখবে।" ১৪ ডিসেম্বর ২০১০ তারিখে বাংলাদেশ দূতাবাস আয়োজিত উচ্চ পর্যায়ের এক সেমিনারে যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত এবং প্রতিমন্ত্রী জনাব আকরামুল কাদের এ আশাবাদ ব্যক্ত করেন। তাঁর স্বাগত বক্তব্যে রাষ্ট্রদূত বাংলাদেশে জলবায়ু পরিবর্তনের ঝুঁকি এবং এ ঝুঁকি মোকাবেলায় বাংলাদেশ সরকার কর্তৃক গৃহিত চলমান বিভিন্ন পদক্ষেপ সম্পর্কে গুরুত্বারোপ করেন। জলবায়ু পরিবর্তনকে একটি বৈশ্বিক সমস্যা হিসেবে উল্লেখ করে রাষ্ট্রদূত কাদের এ বিষয়ে বৈশ্বিক অংশীদারীত্বের প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন। "সেভ আওয়ার প্ল্যানেট আর্থ ফ্রম গ্লোবাল ওয়ার্মিং এন্ড ক্লাইমেট চেঞ্জ ; ফোকাস বাংলাদেশ" শিরোনামে আয়োজিত উক্ত সেমিনারে মার্কিন সরকারের উচ্চপদস্থ কর্মকর্তা, কূটনীতিবিদ, চিন্তাবিদ, এনজিও ও গণমাধ্যম প্রতিনিধি এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীসহ অনেকে অংশগ্রহন করেন।

বিশেষজ্ঞ আলোচকদের মধ্যে ছিলেন পেনসিলভেনিয়া অঙ্গরাজ্যের আইনসভার সম্মানিত সদস্য (১৬৬ তম লেজিসলেটিভ ডিস্ট্রিক্ট) জনাব গ্রেগ ভিটালী, পেনসিলভেনিয়া অঙ্গরাজ্যের গভর্নরের আন্তঃসরকার বিষয়ক বিশেষ সহকারী এবং যুক্তরাষ্ট্রের ভূতপূর্ব উপরাষ্ট্রপতি আল গোরের জলবায়ু বিষয়ক প্রতিনিধি জনাব ল্যান্স সিমেন্স, কংগ্রেস সদস্য যোশেফ সিস্টাক (ডি-পিএ) এর নীতিনির্ধারণী বিষয়ক পরিচালক জনাব জনাথন পোর্টার, সিয়ারা ক্লাবের ওয়াশিংটন ডিসি চাপ্টারের কার্যনির্বাহী কমিটির সচিব জনাব জিম ডগার্টি, জনাব আবু রহমান এবং জনাব আজিম। সনিকন, এলএসসি এর চেয়ারম্যান এবং ভূতপূর্ব বাণিজ্য বিষয়ক আন্ডার সেক্রেটারী জনাব রবার্ট সেফিরো ও উক্ত অনুষ্ঠানে বক্তব্য প্রদান করেন।

পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে জনাব ল্যান্স সিমেন্স জলবায়ু পরিবর্তন বিষয়টির গুরুত্ব উপস্থাপন করেন এবং উন্নত ও উন্নয়নশীল দেশসমূহে এর ভবিষ্যৎ ক্ষতিকারক প্রভাব সম্পর্কে আলোচনা করেন। বিশেষজ্ঞগণও এ বিষয়ে তাদের দৃষ্টিভঙ্গী ব্যাখ্যা করেন যার ফলে উপস্থিত সকলে চলমান সমস্যাটির গুরুত্ব অনুধাবন করেন। আলোচনায় অন্যান্য অনেক বিষয়বস্তুর পাশাপাশি বাংলাদেশ ও ভারতে জ্বালানী সম্পদ ব্যবহারে

দক্ষতা বৃদ্ধি, মার্কিন প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জলবায়ু পরিবর্তনকে অন্নতম ভবিষ্যৎ ঝুঁকি হিসেবে চিহ্নিতকরণ ইত্যাদি স্থান পায়। জনাব পোর্টার কোপেনহেগেন সম্মেলনে বাংলাদেশে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃস্থানীয় ভূমিকার প্রশংসা করেন। বিশেষজ্ঞ আলোচনার পরিসমাপ্তির পর একটি প্রাণবন্ত প্রশ্নোত্তর পর্ব অনুষ্ঠিত হয়।

যেহেতু অনুষ্ঠানটি শহীদ বুদ্ধিজীবি দিবসে অনুষ্ঠিত হয়, সেহেতু মান্যবর রাষ্ট্রদূত তাঁর বক্তব্যে উক্ত দিনে শহীদ বুদ্ধিজীবি ও পেশাজীবিদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। উপস্থিত সকলে শহীদদের সম্মানে দাঁড়িয়ে এক মিনিট নিরবতা পালন করেন। জনাব কাদের মার্কিন যুক্তরাষ্ট্রের বিশেষ দূত রিচার্ড হলব্রুকের মৃত্যুতে শোক প্রকাশ করেন এবং যুদ্ধবিধ্বস্ত অনেক অঞ্চলে শান্তি আনয়নে তার প্রচেষ্টার প্রশংসা করেন।

আলোচনায় প্রায় সকল বক্তা বলেন যে, জলবায়ু পরিবর্তন বিষয়ে বাংলাদেশ অগ্রণী ভূমিকা পালন করছে। বাংলাদেশ দূতাবাস তাই আলোচ্য সেমিনার আয়োজনের জন্য একটি যথাযথ স্থান এবং এ প্রয়াসের জন্য প্রশংসার দাবীদার। যুক্তরাষ্ট্রভিত্তিক বিভিন্ন সামাজিক সংগঠন এবং চিন্তাবিদদের মধ্যে বাংলাদেশ এবং অন্যান্য উন্নয়নশীল দেশের জন্য গুরুত্বপূর্ণ বিষয়সমূহ সম্পর্কে আগ্রহ সৃষ্টি করার চলমান প্রয়াসের একটি অংশ হিসেবেই বাংলাদেশ দূতাবাস উক্ত সেমিনারটি আয়োজন করে। সেমিনারে জলবায়ু পরিবর্তনে ক্ষতিগ্রস্থ দেশসমূহের উদ্বেগের কারণসমূহের প্রতি উপস্থিত সকলের দৃষ্টি আকৃষ্ট হয়। বিশেষজ্ঞগণ অনুধাবন করেন যে বিশ্বের সকলের সম্মুখে জলবায়ু পরিবর্তন বিষয়ে একত্রিতভাবে একটি বৈশ্বিক চুক্তি সম্পাদনের কৌশলগত সুযোগ এসেছে। অনুষ্ঠানের পর উপস্থিত সকলকে বাংলাদেশী খাবার পরিবেশন করা হয়।

---

স্বপন কুমার সাহা, মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি ফোন ঃ ২০২-২৪৪-৫০৭১, ফাক্স ঃ ২০২-২৪৪-২৭৭১/৭৮৩০ ই-মেইল ঃ pressministerwash@yahoo.com